

USA থেকে BDeshTV অনলাইন বাংলা টিভি নেটওয়ার্ক এবং OVI+ মিডিয়া অবকাঠামোর যাত্রা শুরু

---

নতুন যুগের মিডিয়া কোম্পানী, BDeshTV LLC. তাদের প্রাথমিক যাত্রা শুরু করলো অনলাইন টিভি পোর্টাল ([www.bdeshtv.com](http://www.bdeshtv.com)) আর ভিডিও অবকাঠামো অভি+ (OVI+)-এর মোড়ক উন্মোচন করে। তাদের এই যাত্রা শুরু হলো বাংলাদেশের ৩৯-তম বিজয় দিবস ২০১০ সালের ১৬-ই ডিসেম্বর।

BDeshTV-র পোর্টালে যে কেউ, পৃথিবীর যে কোন স্থান থেকে শুধু অনলাইনে থেকে বিনামূল্যে দেখতে পাবে সবধরনের বাংলা অনুষ্ঠান – প্রতিদিন ২৪ ঘন্টা। তাদের এই পোর্টাল পুরোটাই তৈরী করা হয়েছে তাদেরই নিজস্ব মিডিয়া অবকাঠামো “Online Video Infrastructure (OVI+)” –এর উপর ভিত্তি করে। OVI+ একটি সর্বাধুনিক প্রযুক্তি সমৃদ্ধ মিডিয়া মাধ্যম – যার পুরোটাই সৃষ্টি হয়েছে বিদেশটিভির কয়েকজন প্রবাসী বাংলাদেশীদের হাত দিয়ে।

বিদেশটিভি’র অনুষ্ঠানগুলোর মূল লক্ষ্য – প্রবাসী বাংলাদেশীরা। প্রবাসী বাংলাদেশীদের প্রয়োজিত এবং প্রতিনিধিত্ব অনুষ্ঠান দিয়েই মূলত সাজানো হবে বিদেশটিভি’র অনুষ্ঠানমালা। পৃথিবীর যে কোন জায়গার মত বাংলাদেশে বসেও যে কেউ দেখতে পাবে প্রবাসীদের এই অনুষ্ঠানগুলো। বাংলাদেশীদের ভিডিও’র সম্পূরক হিসেবে কিছু কিছু হিন্দী এবং ইংরেজী

অনুষ্ঠানও থাকবে।

উত্তর আমেরিকার বাংলাদেশীদের মূল কেন্দ্রীয় সংগঠনের সাধারণ সম্পাদক জনাব রেহান রেজা বিদেশটিভি'র প্রসঙ্গে জানালেন, "আমরা বিদেশটিভি দেখে অত্যন্ত সন্তুষ্ট। তাদের পোর্টালটি সাজানো খুবই পরিচ্ছন্নভাবে। বিশ্বজুড়ে প্রবাসী বাংলাদেশীদের অনুষ্ঠানগুলো খুবই বৈচিত্রময় – আমার বিশ্বাস, বিদেশটিভি যে কারোরই ভালো লাগবে"।

Dallas, Texas থেকে প্রখ্যাত প্রযোজক জনাব ফরহাদ হোসেন বললেন, "একজন প্রযোজক হিসেবে আমি খুবই আনন্দিত যে bdeshtv সবার কাছে পৌঁছে দিচ্ছে তাদের নিজস্ব ভিডিও মাধ্যম। তাদের উপর আমার পূর্ণ বিশ্বাস আছে বলেই আমি ইতিমধ্যে তাদের সাথে হাত মিলিয়েছি।" বাংলাদেশ এবং USA এর নির্মাতা প্রতিষ্ঠানের সস্বাধিকারী এবং বাংলাদেশের সুপরিচিত নাট্যনির্মাতা ফারিয়া হোসেন-এর মতে, "BDeshTV আন্তর্জাতিক অঙ্গনে ভিডিও পরিবেশনার একটা নতুন মাত্রা



[www.bdeshtv.com](http://www.bdeshtv.com)

সংযোজন করতে যাচ্ছে। আমি এদের founder-দের ব্যাপারে অত্যন্ত আশাবাদী। আমার নির্মাতা প্রতিষ্ঠান তাদের সাথে সহযোগিতার কাজ করে যাচ্ছে।"

সামিনা চৌধুরী, বাংলাদেশের অত্যন্ত জনপ্রিয় সংগীত শিল্পী উচ্চসিত প্রশংসা করে বললেন, "বিদেশটিভি একটা চমৎকার উপায় করে দিল শুধু ইন্টারনেট দিয়ে টিভি চ্যানেল দেখার জন্য। আমি খুবই আনন্দিত যে প্রবাসী বাংলাদেশীরা ইউ এস এ থেকে এ রকম একটা মিডিয়া কোম্পানি তৈরী করলো যার মাধ্যমে তারা বাংলা সংস্কৃতি-কে তুলে ধরতে পারবে সারা বিশ্বের কাছে, এবং তাদের এই

অনুষ্ঠান গুলো দেখা যাবে যে কোনো সময়ে। বিদেশ টিভি সব সময় আমার কাছ থেকে সব ধরনের সাহায্য ও সহযোগিতা পাবে।"

BDeshTV-র CEO জনাব কামরুল মিনা জানালেন, " আমরা দুটো আঙ্গিক যোগ করেছি আমাদের এই প্রয়াসে। প্রথমতঃ আমরা প্রবাসী বাংলাদেশীদের মধ্য থেকে প্রতিভা বের করে আনছি এবং দ্বিতীয়তঃ online এ টিভি দেখার আনন্দটাকে বাড়িয়ে দিচ্ছি অনেকটুক। কোনো নির্দিষ্ট সময়-এর বাইরে-ও যে কেউ যে কোনো অনুষ্ঠান দেখতে পারবে নিজের সময় অনুযায়ী। Dish, cable - এগুলো পুরনো মাধ্যম। টিভি দেখার জন্য ইন্টারনেট -ই হচ্ছে নতুন এবং আধুনিক উপায়। এতে ইন্টারনেট-যুক্ত যে কোনো device দিয়ে (কম্পিউটার, netbook , tablet , ipad , mobile ফোন ইত্যাদি) দেখা যাবে BDeshTV -এর সব অনুষ্ঠান। আমাদের এই উদ্যোগে আমরা নির্মাতা, দর্শক - সবার কাছ থেকে অভূতপূর্ব সাড়া পাচ্ছি। "

"আমরা আমাদের ভিডিও কার্ঠামো OVI+ তৈরী করেছি সহজ উপায়ে সব ধরনের ভিডিও অনুষ্ঠান পরিকল্পনা, সংযোজন, পরিচালনা এবং পরিবেশনার জন্য। এসব কিছুতেই আছে সর্বাধুনিক cloud প্রযুক্তির ব্যবহার।" বললেন BDeshTV এর প্রযুক্তি বিভাগের পরিচালক জনাব আফসার জামান। তিনি আরো জানালেন, "আমরা এই মাধ্যম দিয়ে পৃথিবীর যে কোনো ভাষার অনুষ্ঠান পরিবেশন করতে পারবো। এর সাথে সংযোজিত আছে facebook , Twitter , MySpace - এর মত সব ধরনের সামাজিক মাধ্যমগুলো।

BDeshTV -এর অনুষ্ঠানের মধ্যে আছে নাটক, চলচিত্র, গান, খেলাধুলা, খবর, সাময়ীকি, শিক্ষণীয় - সব ধরনের বৈচিত্রময় ভিডিও। প্রবাসী বাংলাদেশীদের সাংস্কৃতিক, শিক্ষামূলক, ভ্রমন-বিষয়ক - সব ধরনের জীবন যাত্রা-কে ভিত্তি করে প্রবাসীদের-ই নির্মিত অনুষ্ঠান থাকবে BDeshTV -এর মূল চ্যানেল গুলোতে। উন্নত মানের অনুষ্ঠান খোঁজার সব রকমের সুবিধা থাকছে BDeshTV -এর

পর্দায়। এ ছাড়াও হাতে বাছাই কিছু ভালো অনুষ্ঠান দেখানো হবে তৃতীয় পক্ষের website থেকে,  
এদের মধ্যে



[www.bdeshtv.com](http://www.bdeshtv.com)

উল্লেখযোগ্য হচ্ছে youtube , vimeo এবং blip.tv |

BDeshTV দেখা যাবে পৃথিবীর যে কোনো জায়গা থেকে যে কোনো ইন্টারনেট-যুক্ত মাধ্যম দিয়ে  
এই website -এ [www.bdeshtv.com](http://www.bdeshtv.com).

BDeshTV - এর ব্যাপারে আরো কিছু তথ্য

BDeshTV LLC. অস্টিন, টেক্সাস ভিত্তিক একটি নতুন যুগের গণমাধ্যম কোম্পানি। এদের মূল লক্ষ্য  
ভিডিও পরিবেশনা এবং এই পরিবেশনার অবকাঠামো তৈরী করা। ২০১০ সালেই কিছু প্রবাসী  
বাংলাদেশীদের উদ্যোগেই জন্ম নিয়েছে BDeshTV | তাদের তৈরী এই অবকাঠামো-টি (OVI+) এখন  
USA -তে পেটেন্ট পাবার অপেক্ষায় আছে। নিজস্ব প্রযুক্তিকে ভিত্তি করে BDeshTV ই প্রথম প্রবাসী  
বাংলাদেশীদের অনলাইন টিভি নেটওয়ার্ক | আরো জানতে type করুন [www.bdeshtv.com](http://www.bdeshtv.com).

যোগাযোগ :

নিজাম উদ্দিন

BDeshTV, LLC

Phone: +1-512-731-6572

[nizam.uddin@bdeshtv.com](mailto:nizam.uddin@bdeshtv.com)

[www.bdeshtv.com](http://www.bdeshtv.com)

